

জেলা প্রতিনিধি | জেলার খবর | 15 April, 2025

জামালপুরে গাছ কাটাকে কেন্দ্র করে মাদকাসক্ত ছেলের ছুরিকাঘাতে মায়ের মৃত্যু হয়েছে। আজ মঙ্গলবার (১৫ এপ্রিল) সকালে পৌরশহরের চন্দ্রা এলাকায় এই ঘটনা ঘটে।

নিহত মঞ্জিলা বেগম জিরা গতকাল গাছ ব্যবসায়ী ফরিদ মন্ডলের কাছে ১৬ হাজার টাকায় নিজ বাড়ির তিনটি গাছ বিক্রি করেন। আজ সকালে ব্যবসায়ী ফরিদ মন্ডল ও তার লোকজন গাছ কাটতে গেলে মঞ্জিলা বেগম জিরার বড় ছেলে মঞ্জু বাধা দেয় ও কথা কাটাকাটি হয়। কথা কাটাকাটির এক পর্যায়ে ফরিদ মন্ডলকে ছুরিকাঘাত করে গুরুতর আহত করে মঞ্জু।

এ সময় ছেলেকে বাধা দিলে মাকেও ছুরিকাঘাত করে মঞ্জু এবং ঘটনাস্থলেই মঞ্জিলা বেগম জিরার মৃত্যু হয়।

পরে স্থানীয়রা আহত গাছ ব্যবসায়ী ফরিদ মন্ডলকে উদ্ধার করে জামালপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে।

জামালপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি-তদন্ত) আনিছুর আশেকীন জানান, গাছ কাটাকে কেন্দ্র ছেলে তার মাকে হত্যা করে পালিয়ে যায়। ঘটনাস্থল থেকে নিহতের মরদেহ উদ্ধার করা হয়েছে। হত্যাকারীকে আটক করতে অভিযান চলছে, অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 00:01

URL: <https://timestodaybd.com/countrywide/66298815>